



# কলকাতা পোর্ট ট্রাস্ট KOLKATA PORT TRUST

১৫ স্ট্র্যান্ড রোড/15 Strand Road

কোলকাতা - ৭০০ ০০১ / Kolkata - 700 001

নং. এলএবি/ডিডব্লু/এলএফ

৩১ মে, ২০১৭

## নিরাপত্তা, স্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত পরিকল্পনা

কলকাতা পোর্ট ট্রাস্ট ডক ও অন্যান্য কাজের জায়গায় উপযুক্ত পেশাগত নিরাপত্তা, স্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষিত রাখার কর্মসূচী প্রণয়নে অঙ্গীকারবদ্ধ। কর্মচারীদের কর্মজনিত কোন দুর্ঘটনা, অসুস্থতা নিবারণ এবং সেইসঙ্গে অধিক উৎপাদনশীলতার লক্ষ্যে সুরক্ষিত স্বাস্থ্যকর কর্ম-পরিবেশ অত্যাাবশ্যিক।

কলকাতা পোর্ট ট্রাস্ট নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সুরক্ষা, স্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে সচেষ্ট থাকবে:-

- (ক) কর্মজনিত কোন ক্ষতি ও অসুস্থতা নিবারণ
- (খ) নিরাপদ, সুস্থ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ
- (গ) পরিবেশসংক্রান্ত তত্ত্বাবধান ও আপৎকালীন প্রস্তুতি
- (ঘ) চিকিৎসাসংক্রান্ত দেখাশোনা ও পেশাগত স্বাস্থ্য পরিষেবা প্রদান
- (ঙ) শিল্পজনিত দূষণ প্রতিরোধ তথা কাজের পরিবেশ পর্যবেক্ষণ
- (চ) ও.এস.এইচ. প্রশিক্ষণ ও নিরাপত্তা উন্নীতকরণ সংক্রান্ত কার্যকলাপ

আমাদের লক্ষ্য, সুরক্ষিত ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ বজায় রাখা এবং প্রশিক্ষণমূলক কর্মসূচীর মাধ্যমে বন্দরের কর্মস্থল সম্পূর্ণ দুর্ঘটনামুক্ত রাখা এবং পেশাগত স্বাস্থ্য সচেতনতার বিকাশসাধন। আমরা সকল বন্দর কর্মচারী ও বন্দর ব্যবহারকারীদের নিজ নিজ কর্মস্থলে নিরাপত্তামূলক নির্দেশিকা কঠোরভাবে মেনে চলার জন্য আবেদন জানাচ্ছি এবং সেইসঙ্গে নিরাপত্তা, স্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষিত রাখার কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে আমাদের কর্মীরা যাতে সচেতন ও পুঙ্খানুপুঙ্খভাবে সংশ্লিষ্ট নিরাপত্তা বিধি মেনে চলতে পারেন সেজন্য সমস্ত শ্রমিক ইউনিয়নগুলির সক্রিয় সহযোগিতা কামনা করছি।

স্বা/-

(এস বালাজি অরুণকুমার)

ডেপুটি চেয়ারম্যান

এবং

চেয়ারম্যান সেফটি কমিটি

কলকাতা পোর্ট ট্রাস্ট